144

দৈনিক ইত্তেফাক

তারিখ OCT. 20 1999
পৃঃ 1 কলাম 6

# প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারীর কান্ড !

বিশ্ববিদ্যালয় হইতে সংবাদদাতা ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগ হইতে প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকারী একজন প্রাক্তন ছাত্র এই বিভাগের অধ্যাপক ডঃ মুহাম্মদ শাহজাহান মিয়াকে প্রকাশ্য দিবালোকে শারীরিকভাবে লাঞ্ছিত করিয়া প্রাণনাশের হুমকি দিয়াছে। হাফিজার রহমান নামে ঐ প্রাক্তন ছাত্র শিক্ষকের নিকট দুই হাজার টাকার চাঁদা দাবী করার পর তিনি দিতে অস্বীকৃতি জানাইলে সে এই সন্ত্রাসী ঘটনা ঘটায়। দেশের অন্যতম পাণ্ডুলিপি বিশেষজ্ঞ ডঃ শাহজাহান (২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## প্রথম শ্রেণীতে প্রথম

(১ম প্রঃ পর)

হাফিজার রহমানের বিরুদ্ধে রমনা থানায় মামলা দায়ের করিয়াছেন।

জানা যায়, গতকাল (মঙ্গলবার) দুপুরে ডঃ শাহজাহান মিয়া নিউমার্কেট হইতে রিকশাযোগে বিশ্ববিদ্যালয়ে আসার পথে জহুরুল হক হলের সামনে হাফিজার রহমান একটি রেসলিং সাইকেলযোগে তাহার রিকশার গতিরোধ করে এবং দুই হাজার টাকা চাঁদা দাবী করে। ডঃ শাহজাহান টাকা দিতে অস্বীকার করিলে তাহাকে সে হুমকি-ধমকি দিতে থাকে। এ সময় তিনি হকচকিত হইয়া চিৎকার করিলে হাফিজার রহমান দৌড়াইয়া জহুরুল হক হলের মধ্যে চলিয়া যায়। প্রভোস্ট কে এম নূর-উন-নবীর সাথে এ ব্যাপারে যোগাযোগ করিলে তিনি ঘটনার সত্যতা স্বীকার করিয়া দুঃখ প্রকাশ করেন।

ডঃ শাহজাহান মিয়া হাফিজার রহমানের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করিয়াছেন। বাংলা বিভাগ সূত্রে জানা যায়, হাফিজার রহমান এই জাতীয় আরও কিছু ঘটনা ইতিপূর্বেও ঘটাইয়াছে।